# বাড়িতে সীসাযুক্ত রং এর বিপদসমূহ

## বাড়ি নিরাপদ রাখতে ভাড়াটেদের কি জেনে রাখা উচিত এবং বিল্ডিং এর মালিকদের কী অবশ্য করণীয়

সীসা হল একটি বিষ যা প্রায়শই পুরনো রঙে দেখতে পাওয়া যায়। সীসাযুক্ত রং এবং সেটি যে ধূলিকণায় পরিণত হয়, তাকে শিশুদের মধ্যে সীসাঘটিত বিষক্রিয়ার সবথেকে সাধারণ উৎস হিসেবে শনাক্ত করা হয়। সীসাঘটিত বিষক্রিয়া শিশুদের মধ্যে শেখার এবং আচরণগত সমস্যার কারণ হতে পারে। NYC-তে আবাসিক বিল্ডিংগুলিতে সীসাযুক্ত রং এর ব্যবহার 1960 সালে নিষিদ্ধ করা হয়েছে। 1960 সালের আগে নির্মিত বিল্ডিংগুলির দেওয়াল, জানলা, জানালার ধারি, দরজা এবং অন্যান্য সারফেসগুলিতে তাও সীসাযুক্ত রং থাকতে পারে। রং এর চলটা ওঠা শুরু হলে বা বাড়ির মেরামত অনিরাপদভাবে করা হলে, সীসাযুক্ত রং এবং ধুলো আপনার বাড়ির চারিপাশে ছড়িয়ে পড়তে পারে। শিশুরা তাদের হাত এবং খেলনাগুলো মুখে দিলে, সীসার ধুলো তাদের পেটে যেতে পারে।

শিশুদের সীসাঘটিত বিষক্রিয়া থেকে সুরক্ষিত করতে সহায়তা করার জন্য, যে অ্যাপার্টমেন্টগুলিতে 5 বছর বা তার কম বয়সী শিশু বসবাস করে এবং সপ্তাহে নিয়মিতভাবে 10 ঘন্টা বা তার বেশি সময় কাটায় সেখানে, আইন, বিল্ডিং এর মালিকদের **সীসাযুক্ত রং এর বিপদসমূহ** শনাক্ত করা এবং সেগুলির সমাধান করা বাধ্যতামূলক করেছে। বিল্ডিংটিতে ভাড়া দেওয়ার ইউনিট থাকলে এবং 1960 সালের আগে (বা 1960 এবং 1978 এর মধ্যে নির্মিত হলে, যদি মালিক জানেন যে বিল্ডিংটিতে সীসাযুক্ত রং ব্যবহার করা হয়েছে) নির্মিত হলে এই আইনগুলি প্রযোজ্য।

> **সীসাযুক্ত রং এর বিপদসমূহ** ক্ষতিগ্রস্ত বা উঠে যাওয়া সীসাযুক্ত রং; ভেঙ্গে টুকরো টুকরো হয়ে পড়া প্লাস্টার বা পচে যাওয়া কাঠ; দরজা এবং জানগুলির ওপর সীসাযুক্ত রং যা স্পর্শ করে, আটকে যায় বা একসাথে ঘষা খায়; এবং জানালার ধারি এবং সারফেসগুলিতে সীসাযুক্ত রং যা শিশুরা মুখে দিতে পারে।

**বিল্ডিং এর মালিকেরা অবশ্যই:**

- 5 বছর বা তার কম বয়সী কোনও শিশু বসবাস করে কিনা বা নিয়মিতভাবে সপ্তাহে 10 ঘন্টা বা তার বেশি থাকে কিনা তা জানতে সমস্ত ভাড়াটেকে একটি **বাৎসরিক বিজ্ঞপ্তি** বিতরণ করবেন। কোনও অ্যাপার্টমেন্টে 5 বছর বা তার কম বয়সী একটি শিশু থাকলে সেই অ্যাপার্টমেন্টটি সীসাযুক্ত রং এর বিপদসমূহের জন্য পরীক্ষা করবেন এবং ভাড়াটেকে পরীক্ষার ফলাফলের একটি কপি দেবেন। বাৎসরিক বিজ্ঞপ্তি এবং নির্দেশাবলী দেখতে, **nyc.gov/health** ভিজিট করুন এবং "**lead paint annual notice**" **(সীসাযুক্ত রং সম্পর্কিত বাৎসরিক বিজ্ঞপ্তি)** এর জন্য সন্ধান করুন।
- একজন নতুন ভাড়াতে আসার আগে, সমস্ত ভাড়া দেওয়ার ইউনিটে সীসাযুক্ত রং এর বিপদসমূহ **নিরাপদ কাজের চর্চা** ব্যবহার করে মেরামত করবেন এবং নিশ্চিত করবেন যে, জানলা এবং দরজার সারফেসগুলিতে এমন কোনও সীসাযুক্ত রং নেই যা স্পর্শ করলে আটকে গিয়ে উঠে আসে। ভাড়াটেটি যে অ্যাপার্টমেন্টে বসবাস করছেন সেটিতে সীসাযুক্ত রং এর বিপদসমূহ নিরাপদে ঠিক না করা গেলে তাকে সাময়িক সময়ের জন্য বাসস্থানের ব্যবস্থা করে দেবেন।
- যখন একটি ঘরে 100 বর্গফুট বা তার বেশি সীসাযুক্ত রং তুলে ফেলা হবে, বা দুই বা তার বেশি জানলা পাল্টানো হবে তখন NYC স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (NYC Department of Health and Mental

Hygiene) (স্বাস্থ্য দপ্তর)-কে অবগত করবেন। **nyc.gov/health** ভিজিট করুন এবং "**notice of commencement form**" **(কাজ আরম্ভ করার বিজ্ঞপ্তির ফর্ম)** -র জন্য সন্ধান করুন।

- সীসাযুক্ত রং এর পরীক্ষা, বিজ্ঞপ্তি এবং মেরামত সংক্রান্ত সমস্ত কিছুর রেকর্ড অন্তত 10 বছর রেখে দেবেন।

**নিরাপদ কাজের চর্চা**

- সীসাযুক্ত রং এর বিপদসমূহ ঠিক করার সময় বা সীসাযুক্ত রং তুলে ফেলার সাধারণ মেরামতের কাজ করার সময় মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সুরক্ষা এজেন্সি (U.S. Environmental Protection Agency, EPA) দ্বারা প্রত্যয়িত কর্মীদের ব্যবহার করুন।
- কাজের এলাকার বাইরে সতর্কতার চিহ্নগুলি টাঙান।
- সমস্ত আসবাবপত্র সরান বা প্লাস্টিক এবং জলনিরোধক (ওয়াটারপ্রুফ) টেপ দিয়ে আসবাবপত্র এবং মেঝের, দরজার এবং অন্যান্য ফাঁকফোকরগুলি ঢাকুন।
- একটি ভেজা মোছার কাপড় বা একটি HEPA ভ্যাকিউম দিয়ে কাজের এলাকাটি প্রতিদিন পরিষ্কার করুন **এবং** কাজ হয়ে যাওয়ার পরে ভেজা মোছার কাপড় বা একটি HEPA ভ্যাকিউম দিয়ে পরিষ্কার করুন।

**5-বছর পরীক্ষার আবশ্যিকতা (স্থানীয় আইন 2020-র 31)**

বিল্ডিং এর মালিকদের সীসাযুক্ত রং এর জন্য সমস্ত অ্যাপার্টমেন্ট অবশ্যই আগস্ট 2025 এর মধ্যে বা একটি 5 বছর বা তার কম বয়সী শিশু অ্যাপার্টমেন্টে বসবাস করলে বা নিয়মিতভাবে সপ্তাহে 10 ঘন্টা বা তার বেশি সময় কাটালে, এক বছরের মধ্যে, যেটা আগে হবে, তার মধ্যে পরীক্ষা করতে হবে।

## ভাড়াটেদের অবশ্যই:

- আপনার বিল্ডিং এর মালিকের থেকে পাওয়া বাৎসরিক বিজ্ঞপ্তিটি 15ই ফেব্রুয়ারির মধ্যে পূরণ করে জমা দিতে হবে। কোনও শিশু আপনার অ্যাপার্টমেন্টে থাকেন বা নিয়মিতভাবে সময় কাটায় কিনা তা এই ফর্মটি জানায়।
- আপনি বাৎসরিক বিজ্ঞপ্তিটি ফেরত দেওয়ার পরে, আপনার একটি সন্তান হলে বা 5 বছর বা তার কম বয়সী একটি শিশু বসবাস করতে আসলে বা আপনার বাড়িতে নিয়মিতভাবে সপ্তাহে 10 ঘন্টা বা তার বেশি সময় কাটাতে আসলে, তা লিখিতভাবে বিল্ডিং এর মালিককে জানান।

## সীসাযুক্ত রং সংক্রান্ত নিয়মাবলী লঙ্ঘন সম্পর্কে কী জেনে রাখতে হবে

- যেখানে একজন ভাড়াতে আবাসন রক্ষণাবেক্ষণ সংক্রান্ত একটি অভিযোগ জানিয়ে **311**-তে ফোন করেছেন এবং 5 বছর বা তার কম বয়সী একটি শিশু যেখানে বসবাস করে বা নিয়মিতভাবে সপ্তাহে 10 ঘন্টা বা তার বেশি সময় কাটায় এবং বিল্ডিংটি 1960 সালের আগে নির্মিত হয় তাহলে NYC আবাসন সংরক্ষণ এবং উন্নয়ন দপ্তর (Department of Housing Preservation and Development, HPD) সেই অ্যাপার্টমেন্ট পরীক্ষা করবেন।
- HPD একটি সীসাযুক্ত রং সংক্রান্ত বিপদ দেখতে পেলে, ইনসপেক্টর বিল্ডিং এর মালিককে একটি লঙ্ঘনের চিঠি দেবেন এবং মালিককে একটি নির্দিষ্ট সময় মেয়াদের মধ্যে বিপদগুলি ঠিক করতে হবে।
- বিল্ডিং এর মালিকদের অবশ্যই সীসাযুক্ত রং এর বিপদসমূহের লঙ্ঘন ঠিক করতে বা দরজা বা জানগুলি থেকে স্পর্শ করলে আটকে গিয়ে উঠে আসে এমন সীসাযুক্ত রং অপসারণ করতে মার্কিন U.S. EPA প্রত্যয়িত কর্মী এবং সংস্থাগুলি সহ, নিরাপদ কাজের চর্চাগুলি ব্যবহার করতে হবে।

- কিছু লঙ্ঘনের ক্ষেত্রে HPD-কে পরীক্ষা করতে অ্যাপার্টমেন্টে ফিরে আসতে হবে এবং মালিক কাজটি করেছেন কিনা তা পরীক্ষা করতে হবে। বিল্ডিং এর মালিক সীসাযুক্ত রং এর লঙ্ঘনগুলি ঠিক না করলে, HPD বিপদের কারণটি ঠিক করবে। এর জন্য একাধিক ভিজিট করতে হতে পারে। কোনও প্রয়োজনীয় মেরামতের জন্য ভাড়াটেদের HPD-কে প্রবেশাধিকার দেওয়া এবং বিল্ডিং এর কর্মী বা ঠিকাদারদের অ্যাপার্টমেন্টে ঢুকতে দেওয়াটা গুরুত্বপূর্ণ।
- HPD একজন বিল্ডিং এর মালিককে সীসাযুক্ত রং এর রেকর্ড দেখাতে বলতে পারে এবং বিল্ডিং এর অন্যান্য অংশ পরীক্ষা করতে পারে। পরীক্ষা করে দেখার সময় কোনও রেকর্ড পাওয়া না গেলে বা কোনও বিপদের সম্ভাবনা খুঁজে পেলে HPD নিয়মাবলী লঙ্ঘন জারি করবে।

**সীসাঘটিত বিষক্রিয়া প্রতিরোধ করতে সহায়তা করুন**

- সীসাঘটিত বিষক্রিয়া কীভাবে প্রতিরোধ করবেন সে সম্পর্কে আরও জানতে বা সীসা পরীক্ষার জন্য কোথায় যেতে হবে, বা এই নথির আরও কপি বা সীসাঘটিত বিষক্রিয়া প্রতিরোধ সংক্রান্ত অন্যান্য উপকরণ অর্ডার করতে **311** নম্বরে ফোন করুন।
- আপনার অ্যাপার্টমেন্টের চলটা ওঠা, ফাটল বা রং উঠে আসা সম্পর্কে আপনার বিল্ডিং এর মালিককে রিপোর্ট করুন। আপনার বিল্ডিং এর মালিক চলটা ওঠা রঙ ঠিক না করলে বা আপনি যদি মনে করেন যে মেরামতের কাজটি অনিরাপদভাবে করা হয়েছে তাহলে **311** নম্বরে ফোন করুন।
- **311** নম্বরে ফোন করে পানীয় জলের জন্য একটি বিনামূল্যের সীসা পরীক্ষা কিট অর্ডার করুন। জলের নমুনা জমা দেওয়ার 30 দিনের মধ্যে আপনি ফলাফল পাবেন।
- মেঝে, জানালার কিনার, হাত, খেলনা এবং চোষাকাঠি ঘন ঘন ধুন।
- আপনার শিশুর 1 এবং 2 বছর বয়সে আপনার ডাক্তারকে তার সীসাঘটিত বিষক্রিয়া পরীক্ষা করার কথা মনে করিয়ে দিন। ডাক্তারকে বড় শিশুদের পরীক্ষা করা সম্পর্কে বলুন। আপনার কোনও ডাক্তার না থাকলে, একজন ডাক্তার খুঁজে পেত সহায়তার জন্য **311** নম্বরে ফোন করুন।

ভাড়া দেওয়ার ইউনিট থাকা বিল্ডিংগুলির মালিকদের, বিল্ডিংটি 1960 সালের আগে (বা 1960 এবং 1978 এর মধ্যে নির্মিত হলে, যদি মালিক জানেন যে বিল্ডিংটিতে সীসাযুক্ত রং ব্যবহার করা হয়েছে) নির্মিত হলে একটি লীজ স্বাক্ষর করার সময় বা বাসাবদল করে একটি অ্যাপার্টমেন্টে যাওয়ার সময়, ভাড়াটেদের অবশ্যই এই নথিটি দিতে হবে। এই নথিটিতে সীসাযুক্ত রং সম্পর্কিত প্রাথমিক তথ্য রয়েছে, আইনি পরামর্শ দেওয়ার অভিপ্রায়ে নয় এবং শুধুমাত্র আপনার সুবিধার জন্য দেওয়া হয়েছে। আইন এবং প্রযোজ্য নিয়মাবলীর একটি কপির জন্য, **nyc.gov/hpd** ভিজিট করুন এবং "**lead poisoning**" (**সীসাঘটিত বিষক্রিয়া**)-এর জন্য সন্ধান করুন। সীসাঘটিত বিষক্রিয়া প্রতিরোধ সম্পর্কে আরও তথ্যের জন্য, ভিজিট করুন **nyc.gov/lead**।

4.22 Bengali